

একদিন

8 February, 2019

প্লাস্টিক সার্জারির বাংলা বই প্রকাশ

নিজস্ব প্রতিবেদন: প্লাস্টিক সার্জারি এবং কসমেটিক সার্জারির ওপর এই বাংলায় প্রথম বাংলায় বই প্রকাশিত হল কলকাতা বইমেলায়। এসএসকেএমের প্লাস্টিক সার্জারি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. অরিন্দম সরকার শল্য চিকিৎসা সম্পর্কে সাধারণ মানুষের সচেতনতা বৃদ্ধি করতেই এই বই প্রকাশ করেন। অরিন্দমবাবু বলেন, 'এটি প্লাস্টিক সার্জারি ও কসমেটিক সার্জারির নানা দিক নিয়ে সহজ বাংলায় লেখা একটি বই। যাতে সাধারণ মানুষ যাঁরা চিকিৎসা শাস্ত্র নিয়ে অবহিত নন, তাঁরাও এই বিষয়গুলো জানতে পারেন। এই বিষয় নিয়ে বাংলায় আমরা বিভিন্ন পত্র-পত্রিকায় লিখি। তবে, বই আকারে এই প্রথম বের হল।' এই বইয়ে রয়েছে কসমেটিক সার্জারি এবং তার পদ্ধতি, পুড়ে যাওয়ার ফলে তৈরি ক্ষত, দুর্ঘটনার ফলে তৈরি ক্ষত ইত্যাদি ক্ষত সারিয়ে কীভাবে মানুষকে সম্পূর্ণ নতুন রূপ দেওয়া যায় তার বিস্তারিত বিবরণ রয়েছে এই বইয়ে।